

26 JUL 2005

দৈনিক  
**ইনকিলাব**

# শেকুবিতে হল প্রভোস্টসহ ৬ জন ২ ঘণ্টা অবরুদ্ধ

চুরি বন্ধ ও বিভিন্ন সমস্যা নিরসন দাবীতে ছাত্রী আন্দোলন  
শেকুরি সংবাদদাতা : শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে গড়কাল (সোমবার) বেগম ফজিলাতুননেসা মুজিব হলের প্রভোস্টের পদত্যাগ দাবীতে বিক্ষুব্ধ ছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের প্রক্টোর, হল প্রভোস্ট ও কর্মকর্তাসহ ৬ জনকে প্রায় দু'ঘণ্টা প্রভোস্টরুমে অবরুদ্ধ করে রাখে। চুরির দায়ে অভিযুক্ত এক আবাসিক ছাত্রীকে হল থেকে বহিষ্কার ও হলের বিভিন্ন সমস্যা দূরীকরণে বার্ষিক প্রভোস্টের পদত্যাগ দাবীতে এ আন্দোলনের সূত্রপাত ঘটে বলে সংশ্লিষ্ট সূত্র জানানয়। হলের আবাসিক ছাত্রীরা জানান, দীর্ঘদিন ধরে ছাত্রীদের কক্ষ থেকে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি, মোবাইল, টাকা, ঘড়ি প্রভৃতি চুরি হচ্ছিল। ২-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## ৬ জন ২ ঘণ্টা অবরুদ্ধ

প্রথম পৃষ্ঠার পর  
এ ব্যাপারে হল প্রভোস্টকে বার বার অবহিত করলেও কার্যকর পদক্ষেপ নিতে ব্যর্থ হন হল প্রভোস্ট। দীর্ঘদিন ধরে এ অবস্থা চলতে থাকায় হলের আবাসিকরা অতিষ্ঠ হয়ে উঠেছিল বলে ছাত্রীরা জানান। গত রবিবার রাতে চুরির ঘটনায় এক ছাত্রীকে কয়েকজন ছাত্রী হাতেনার্ডে ধরে। পরে হলের অন্য আবাসিক ছাত্রীরা এ ঘটনা জানতে পেরে ফুরু হয়ে ওঠেন। তারা হল প্রভোস্ট অধ্যাপক নাসিম আখতারকে ঘটনাটি গড়কাল অবহিত করে অভিযুক্ত ছাত্রীকে হল থেকে বহিষ্কারের দাবী জানান। হল প্রভোস্ট ঘটনার সূত্র তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেয়ার ব্যাপারে ছাত্রীদের আশ্বস্ত করেন। কিন্তু ফুরু ছাত্রীরা কোন তদন্ত ছাড়াই অভিযুক্ত ছাত্রীকে দ্রুত হল থেকে বহিষ্কারের দাবীতে অটল থাকে। এসময় ছাত্রীরা প্রভোস্টের বিরুদ্ধে প্রোগান দেয়। খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টোর অধ্যাপক আজিজুর রহমান মজুমদার ঘটনাস্থলে পৌছলে ফুরু ছাত্রীরা তাকেসহ ৩ জন প্রভোস্ট ও ২ জন কর্মকর্তাকে প্রভোস্টরুমে তালাবদ্ধ করে রাখে। দুপুর পৌনে ১টা থেকে আড়াইটা পর্যন্ত প্রক্টোর আজিজুর রহমান মজুমদারসহ প্রভোস্ট অধ্যাপক নাসিম আখতার, সহকারী প্রভোস্ট নাছীন সুলতানা ও আফরোজা জাহান, সেকশন অফিসার সোকসানা পারভীন এবং হিসাবরক্ষক ফারজানা ইসলামকে অবরুদ্ধ করে রাখে হলের ছাত্রীরা। এসময় ছাত্রীরা হল প্রভোস্টের পদত্যাগ দাবীতে হল গ্রাউন্ডে মিছিল করে। ছাত্রীরা এসময় হলের পানি সমস্যা, সীট রক্ততা, জাইনিয়ের শাবার মান উন্নতকরণ, পেটলুম, ইনডোর গেমস, ক্যান্টিন, টাভিকরুম, ডিস্কি রুম প্রভৃতির সংস্কার ও চাসুরকরণের দাবী জানান। দুপুর ২টায় বিশ্ববিদ্যালয়ের ডিসি প্রফেসর ড এম ফারুক, রেজিস্ট্রার প্রফেসর আবু আকবর মিয়া, ডীন প্রফেসর মোঃ শামসুল হক, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মোহাম্মদ হোসেন জুএা, ট্রেজারার আকবর আলী সিরাজীসহ অন্যান্য সিনিয়র শিক্ষক ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণ আনেন এবং অবরুদ্ধ শিক্ষক ও কর্মকর্তাদের উদ্ধার করেন।